

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
লেজিসলেটিভ সাপোর্ট উইং
আইন প্রণয়ন শাখা-১
www.parliament.gov.bd

বুধবার ১৮ চৈত্র ১৪৩২ মোতাবেক ১ এপ্রিল ২০২৬
বিকাল ৩:৩০ মিনিটে অনুষ্ঠেয় সংসদের বৈঠকের জন্য
দিনের কার্যসূচি

প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর

(ক) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উত্তরদানের জন্য প্রশ্ন
(প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর পর্বের প্রথম ৩০ মিনিট মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উত্তরদানের জন্য নির্ধারিত)

(খ) মাননীয় মন্ত্রীগণের জন্য নির্ধারিত প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর
(পানি সম্পদ মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়,
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর আওতায় প্রাপ্ত নোটিশসমূহ নিম্নলিখিত।

**জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর
গৃহীত নোটিশসমূহের উপর আলোচনা**

১। জনাব জি, এম, নজরুল ইসলাম (সাতক্ষীরা-৪), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'সুন্দরবনে জলদস্যুদের উপদ্রপ নিয়ন্ত্রণ করা' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

২। জনাব এস এ জিন্নাহ কবীর (মানিকগঞ্জ-১), মাননীয় সদস্য কর্তৃক আনীত '১৬৮ মানিকগঞ্জ-১ আসনের দৌলতপুর এবং শিবালয় উপজেলাকে নদী ভাঙ্গনের হাত থেকে স্থায়ীভাবে রক্ষা করা' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় পানি সম্পদ মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

৩। জনাব মাছুম মোস্তফা (নেত্রকোণা-৫), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'নেত্রকোণা-বিরিশি জেলা মহাসড়কের ১৩তম কিলোমিটারে (ডেউটুকোন ঘাটে) কংশ নদীর উপর সেতু নির্মাণ' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

উপস্থাপনীয় কাগজপত্র

জনাব মোঃ আব্দুল বারী, মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী (সংসদ কার্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের দায়িত্বপ্রাপ্ত), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪১(৩) অনুচ্ছেদ অনুযায়ী 'বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ২০২৫ সনের বার্ষিক প্রতিবেদন' সংসদে উপস্থাপন করিবেন।

রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা।

ঢাকা,
১৭ চৈত্র ১৪৩২
৩১ মার্চ ২০২৬

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।

